

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০২৫(আগরতলা, ০৭।১২)
বিশালগড়, ০৭ ডিসেম্বর, ২০১৭

পঞ্চায়েতে বিভিন্ন কাজ রূপায়ণের বিষয়ে প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত

বিশালগড় পঞ্চায়েত সমিতির সভা কক্ষে সম্প্রতি ত্রিপুর পঞ্চায়েতের জনপ্রতিনিধি, পঞ্চায়েত সচিব, আর পি এস সহ অন্যান্য কর্মীদের নিয়ে পঞ্চায়েত আইন, বিভিন্ন স্কীমে উন্নয়নমূলক প্রকল্পের রূপায়ণ ইত্যাদি বিষয়ে দু'দিনের প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। এব্যাপারে প্রশিক্ষণ দেন ব্লকের বি ডি ও রতন ভৌমিক, পঞ্চায়েত দপ্তরের সহ অধিকর্তা বিশ্বজিৎ মজুমদার সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। এই শিবিরে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশালগড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দুর্লন সরকার(হাজারী), সমিতির ভাইস চেয়ারম্যান দীপক পাল সহ অন্যান্য আধিকারিকগণ।
